Office of the Director General, BRRI
☐ Director A&FW ☐ Director FQW
☐ Director FSW ☐ Director PPIICT
☐ Director CW ☐ PA/PS to DG
☐ Director HW ☐ Others
☐ Director ... ☐ Attention
Issue No. ... Date ...

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
**Bangladesh Rice Research Institute, Gazipur**
Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: dg@brri.gov.bd, brrihq@yahoo.com Website: www.brri.gov.bd; www.knowledgebank-brri.org

বুলেটিন নং-আমন/২৫-০০৬

তারিখঃ ১৪/১০/২০২৫

## আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ অক্টোবর, ২০২৫)

**কাইচ থোড় (Panicle Initiation) ও থোড় (Booting) পর্যায়ে করণীয়:**

- এ পর্যায়ে জমিতে প্রায় ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখা প্রয়োজন, কারন এ সময়ে শিষ গঠনের প্রক্রিয়া শুরু হয় এবং সামান্য পানির ঘাটতিতে ফলনে বড় ধরনের প্রভাব ফেলে। যদি প্রয়োজনীয় বৃষ্টিপাত না হয় তবে সম্পূরক সেচ দিতে হবে।
- ধান গাছের এ পর্যায়ে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা এবং বাদামী গাছফড়িং এর আক্রমণ হতে পারে।
  - ✓ মাজরা পোকা: জমিতে যদি ১০%, মরা ডিগ অথবা প্রতি স্কয়ার মিটারে ২-৩টি স্ত্রী মথ দেখা যায় তাহলে অনুমোদিত কীটনাশক যেমন- বেল্ট এক্সপার্ট ৪৮ এসসি (ফ্লুবেনডিয়ামাইড+থায়াক্লোপ্রিড) প্রতি ১০ লিটার পানিতে ৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। আক্রমণের মাত্রা বেশী হলে ১০-১৪ দিন পর দ্বিতীয়বার জমিতে প্রয়োগ করতে হবে।
  - ✓ পাতা মোড়ানো পোকা: জমিতে পাতা মোড়ানো পোকা দ্বারা ২৫% পাতা ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত কীটনাশক যেমন- সাকসেস ২.৫ এসসি (স্পিনোসাড) প্রতি ১০ লিটার পানিতে ১৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে।
  - ✓ বাদামী গাছ ফড়িং: নিয়মিত জমিতে ধান গাছের গোড়া পর্যবেক্ষণের মাধ্যমে বাদামী গাছ ফড়িং এর উপস্থিতি লক্ষ্য করা গেলে জমি থেকে দাঁড়ানো পানি কয়েকদিনের জন্য বের করে দিতে হবে। প্রতি হিলে ২-৩টি স্ত্রী পোকা অথবা ১০টি নিম্ফ দেখা গেলে অনুমোদিত কীটনাশক যেমন-ফুল স্টপ ৮০ ডব্লিউডিজি অথবা পাইরাজিন ৭০ ডব্লিউডিজি (পাইমেট্রোজিন ৬০%+নাইটেনপাইরাম ২০%) প্রতি ১০ লিটার পানিতে ৫ গ্রাম ওষুধ মিশিয়ে ৫ শতাংশ জমিতে গাছের গোড়ায় স্প্রে করতে হবে।

- ধান গাছের এ পর্যায়ে অনেক জায়গায় খোলপোড়া রোগের ব্যাপকতা দেখা যাচ্ছে। কোন কোন জায়গায় পাতাব্লাস্ট এবং বাকানি রোগের লক্ষণ প্রকাশ পেতে পারে।
  - ✓ খোলপোড়া রোগ সীমিত মাত্রায় হলে ছত্রাক নাশক প্রয়োগের প্রয়োজন নেই। জমি শুকিয়ে দিয়ে বিঘা প্রতি ৫কেজি অতিরিক্ত পটাশ সার প্রয়োগ করতে হবে। রোগের মাত্রা যদি বেশি হয় তাহলে এমিস্টার টপ/ফলিকুর/টিল্ট অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।
  - ✓ ধানে পাতাব্লাস্ট রোগ দেখা দিলে রোগ দেখা দেওয়ার পর বিকাল বেলা ট্রুপার (৮ গ্রাম/১০লি পানি) অথবা নেটিভো (৬ গ্রাম/১০লি পানি) ৫ শতাংশ জমিতে ভালোভাবে স্প্রে করতে হবে। স্পষ্টভাবে বাকানি রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত কুশি গুলো ভেঙে দিতে হবে।

**তৈরি ও প্রচারে:** ব্রি এগ্রোমেট ল্যাব

📞 **যোগাযোগ করুন:** উপজেলা কৃষি অফিস / উপসহকারী কৃষি কর্মকর্তা

☎ **ব্রি হেল্পলাইন:** ০৯৬৪৪৩০০৩০০

পরিচালক, সরেজমিন উইং, ডিএই'র দপ্তর
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও কো-অর্ডি/মনিটরিং ও বাস্তবায়ন/উপকরণ)
উপপরিচালক (সম্প্রসারণ/কো-অর্ডিনেশন/মনিটরিং/সার ব্যবস্থাপনা/বাস্তবায়ন/বীজ ও অন্যান্য উপকরণ)
অতিরিক্ত উপপরিচালক (উপকরণ/ কন্ট্রোল রুম)
প্রশাসন শাখা/পি এ টু পরিচালক
অন্যান্য
অতীব জরুরী
জরুরী
আশুপদঃ